গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয়-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.০৩২.২০-১১১

তারিখ : ১৪ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কার্যক্রম পরিবর্তন সংক্রান্ত।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৮২২.১৪.০২২.১৬.১৪০, তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ সেপ্টেম্বর ২০২০ খ্রি. পত্রের মাধ্যমে ২০২০-২১ অর্থ-বছরের দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় পরিবর্তন করা হয়েছে। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়ের সমন্বয়-২ শাখা-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি : ০৫ (পাঁচ) পাতা।

(সেলিনা আক্তার)
সহকারী সচিব
ফোন : ৯৫৪৬৫৬১
ইমেইল:(csmoys66@gmail.com)

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল, ঢাকা;
২। মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট, সাভার, ঢাকা;
৩। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা;
৪। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা;
৫। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, এনএসসি টাওয়ার, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা;
৬। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ (পুরাতন ভবন), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা;

নং- ৩৪.০০.০০০০.০৪৩.১৬.০৩২.২০-১১১

তারিখ : ২৯ সেপ্টেম্বর ২০২০ খ্রি.।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

(সেলিনা আক্তার)
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
শুদ্ধাচার শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.১৪.০২২.১৬.১৪০

তারিখ: ৯ আশ্বিন ১৪২৭
২৪ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কার্যক্রম পরিবর্তন সংক্রান্ত।**

২০২০-২১ অর্থ-বছরের দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় নির্দেশক্রমে নিম্নোক্তভাবে পরিবর্তন করা হল:

'৬.১ ক্রমিকের প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন এর পরিবর্তে ৬.১ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন/বিভাগে চলমান প্রকল্প উন্নয়ন কার্যক্রম পর্যালোচনা হিসাবে প্রতিস্থাপিত হবে এবং '৮.১ ক্রমিকের স্ব স্ব সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়নের পরিবর্তে ৮.১ স্ব স্ব সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন/হালনাগাদকরণ ও বাস্তবায়ন' প্রতিস্থাপন করা হল।

২। উপর্যুক্ত বিষয়টি আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের আঞ্চলিক কার্যালয়-কে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট (NIIU)-এর সপ্তম সভার কার্যবিবরণী।

২৪-৯-২০২০
নাহিদ সুলতানা
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৫৪৯
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল: inar_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.১৪.০২২.১৬.১৪০/১(৪)

তারিখ: ৯ আশ্বিন ১৪২৭
২৪ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (উপর্যুক্ত পত্রটি এ বিভাগের ওয়েবসাইটের শুদ্ধাচার সেবাবক্সে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)
৪) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ

২৪-৯-২০২০
নাহিদ সুলতানা
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
শুদ্ধাচার শাখা
www.cabinet.gov.bd

## পুনর্গঠিত জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট-এর সপ্তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: কামাল হোসেন, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
সময় : বেলা ৩:০০ টা
তারিখ : ১৮ আগস্ট ২০২০
সভার স্থান : সভাকক্ষ, (কক্ষ নম্বর ১০০৫, দশমতলা, পরিবহন পুলভবন), মন্ত্রিপরিষদ বিভাগ।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'।

সভার সভাপতি জনাব মো: কামাল হোসেন, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে ছক আকারে উপস্থাপন করা হল:

আলোচ্যসূচি-১ : পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন, আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

| পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| ১.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নকারী ১০টি রাষ্ট্রীয় প্রতিষ্ঠান যথা: রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, দুর্নীতি দমন কমিশন, সশস্ত্র বাহিনী বিভাগ এবং এনজিও বিষয়ক ব্যুরোর সাথে পৃথক ভার্চুয়াল সভা আয়োজন করা হবে। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নকারী ১০টি রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের সাথে সভা আহ্বানের নিমিত্ত অবস্থানপত্র প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত অবস্থানপত্রের আলোকে সভার আলোচ্যসূচি নির্ধারণ করে সভা আয়োজন করা যেতে পারে। |
| ২.১ বর্তমানে বিরাজমান নতুন স্বাভাবিক (new normal) পরিস্থিতিতে কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সকল কর্ম-পরিকল্পনায় 'কর্মপরিবেশ উন্নয়ন' শীর্ষক নতুন একটি কার্যক্রম অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ কার্যক্রমে স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত থাকবে।<br><br>২.২ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্যক্রমকে উৎসাহিত করার নিমিত্ত মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্ম-পরিকল্পনার ন্যায় আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের কর্ম-পরিকল্পনায় ৭ নম্বর ক্রমিকে 'ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার' কার্যক্রমের আওতায় নির্ধারিত 'ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন' সংক্রান্ত কার্যক্রম সংযোজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.৩ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ন্যায় আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের কর্ম-পরিকল্পনার ৪ নম্বর ক্রমিকে ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ সংক্রান্ত কার্যক্রমে 'স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ' সংযোজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিদ্ধান্ত ২.১-২.৬ প্রতিপালন করে ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত পরিপত্র জারি করা হয়েছে। শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত ৩২১১১০১ কোডে অর্থ বরাদ্দ প্রদানের নিমিত্ত সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে। |

| | |
|---|---|
| ২.৪ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কাঠামোগুলোর 'স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ' কার্যক্রমের আওতায় 'শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ' এবং 'সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণিবিন্যাসকরণ'-এর ক্ষেত্রে সমান নম্বর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.৫ আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৮ নম্বর ক্রমিকের 'স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ' কার্যক্রমের আওতায় ৮.৭ নম্বর ক্রমিকের 'অডিট আপত্তি নিষ্পত্তিকরণ' সংক্রান্ত কার্যক্রম প্রস্তাব করা হয়েছে যা আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ৩.৩.১ ক্রমিকে বিদ্যমান। দ্বৈততা পরিহারের নিমিত্ত এ কার্যক্রমটি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা হতে বিয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১০ নম্বর ক্রমিকে 'শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান' কার্যক্রমে ১০.২ নম্বর ক্রমিকে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে 'শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত ৩২১১১০১ কোডে অর্থ বরাদ্দ' এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্ম-পরিকল্পনা ও আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের ক্ষেত্রে বিগত 'অর্থ-বছরে শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ' সংক্রান্ত কার্যক্রম বিয়োজন করে ১০.১ নম্বর ক্রমিকে সকল ক্ষেত্রে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং 'শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ' কার্যক্রম অন্তর্ভুক্ত করা এবং শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত ৩২১১১০১ কোডে অর্থ বরাদ্দ প্রদানের নিমিত্ত সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩.১ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ ৪ আগস্ট ২০২০, দপ্তর/সংস্থাসমূহ ১০ আগস্ট ২০২০ এবং আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ ২০ আগস্ট ২০২০ তারিখে ২০২০-২০২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা চূড়ান্ত করে স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করবে। | মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান এবং দপ্তর/সংস্থাসমূহ ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা চূড়ান্ত করে স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করেছে। আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যক্রম চলমান রয়েছে। |
| ৩.২ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ ১৬ আগস্ট ২০২০, দপ্তর/সংস্থাসমূহ ২০ আগস্ট ২০২০ এবং আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ ২৬ আগস্ট ২০২০ তারিখে ২০১৯-২০২০ অর্থ-বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা স্বমূল্যায়ন পদ্ধতিতে মূল্যায়ন করে দাখিল করবে। | কার্যক্রম চলমান রয়েছে। |

| | |
|---|---|
| ৪.১ 'জাতীয় সংসদ সচিবালয় আইন, ১৯৯৪' এবং জাতীয় শুদ্ধাচার কৌশলে বর্ণিত জাতীয় সংসদ সচিবালয় সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | 'জাতীয় সংসদ সচিবালয় আইন, ১৯৯৪' এবং জাতীয় শুদ্ধাচার কৌশলে বর্ণিত জাতীয় সংসদ সচিবালয় সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা করে সভা আহ্বান করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। |

পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিতে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নকারী ১০টি রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের মধ্যে জাতীয় সংসদ সচিবালয় ব্যতীত অপর ৯টি প্রতিষ্ঠানের সাথে সভা আহ্বানের বিষয়ে সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়।

সিদ্ধান্ত:

১.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নকারী ৯টি রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের সাথে সভা আহ্বান করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

১.২ 'জাতীয় সংসদ সচিবালয় আইন, ১৯৯৪' এবং জাতীয় শুদ্ধাচার কৌশলে বর্ণিত জাতীয় সংসদ সচিবালয় সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা করে সভা আহ্বান করতে হবে।

আলোচ্যসূচি-২: ২০২০-২১ অর্থ-বছরের মন্ত্রণালয়/বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার খসড়ার ওপর ফিডব্যাক অবহিতকরণ:

সভাকে অবহিত করা হয় যে ১৯ জুলাই ২০২০ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগ ব্যতীত অপরাপর ৫০টি মন্ত্রণালয়/বিভাগ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করে। মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রণীত ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার খসড়া কর্ম-পরিকল্পনাসমূহ পর্যালোচনা করে ২৩, ২৬ ও ২৭ জুলাই ২০২০ তারিখে ভার্চুয়াল প্ল্যাটফর্ম জুম-এ ফিডব্যাক প্রদান করা হয়। ফিডব্যাককালীন প্রাপ্ত সাধারণ বিচ্যুতিসমূহ সভায় অবগতির জন্য উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত:

২.১ সকল মন্ত্রণালয়/বিভাগ-এর প্রণীত ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

আলোচ্যসূচি ৩: ২০২০-২১ অর্থ-বছরের মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা সংশোধনের সময়সীমা নির্ধারণ:

সভায় জানানো হয় যে ২০২০-২১ অর্থ-বছরের মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কোন যৌক্তিক কারণে সংশোধনের প্রয়োজন হলে স্ব স্ব কার্যালয়ের নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করে সংশোধন করা যায়। গত অর্থ-বছরে ৩১ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত এ সংশোধন গ্রহণ করা হয়েছিল। চলতি অর্থ-বছরে পরিবর্তিত পরিস্থিতিকে বিবেচনায় রেখে আগামী ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত এ সংশোধন গ্রহণ করা যেতে পারে। সভা চলতি অর্থ-বছরে লক্ষ্যমাত্রা সংশোধনের প্রস্তাবিত তারিখ অনুমোদন করে এবং পরবর্তী অর্থ-বছরের জন্য এ সময়সীমা ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখ নির্ধারণের বিষয়ে একমত পোষণ করে।

সিদ্ধান্ত:

৩.১ ২০২০-২১ অর্থ-বছরের মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কোন যৌক্তিক কারণে সংশোধনের প্রয়োজন হলে স্ব স্ব কার্যালয়ের নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করে আগামী ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত এ সংশোধন করতে পারবে। আগামী অর্থ-বছরে বর্ণিত সময়সীমা ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখ নির্ধারণ করা হবে- হলো।

আলোচ্যসূচি ৪: ২০১৯-২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা মূল্যায়ন:

কোভিড-১৯ মহামারির প্রকোপ মোকাবেলায় বিগত ২৬ মার্চ, ২০২০ তারিখ হতে অদ্যাবধি সরকারি অফিসসমূহের কর্মকাণ্ড সীমিত আকারে পরিচালিত হওয়ায় এ সময়ের জন্য নির্ধারিত ২০১৯-২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার চতুর্থ ত্রৈমাসিকে নির্ধারিত বেশির ভাগ কার্যক্রম সম্পাদন করা সম্ভব হয়নি মর্মে সভাকে জানানো হয়। অধিকন্তু, ৩য় ত্রৈমাসিক

প্রতিবেদন যথাসময়ে দাখিল করার নিমিত্ত পত্র জারি করাও সম্ভব হয়নি। ২০১৯-২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা চূড়ান্ত মূল্যায়ন কার্যক্রমে মান (weightage) প্রদানের ক্ষেত্রে বিস্তারিত আলোচনান্তে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত:

৪.১ জুলাই ২০১৯ হতে মার্চ ২০২০ পর্যন্ত অর্থ-বছরের প্রথম তিন ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অর্জনে কোভিড-১৯-এর তেমন কোন প্রভাব না থাকায় ৩য় ত্রৈমাসিক পর্যন্ত সকল লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে নির্দেশিকা, ২০১৯-২০ অনুসরণ করে মূল্যায়ন করা হবে।

৪.২ ১ম ও ২য় ত্রৈমাসিক প্রতিবেদন এবং অর্থ-বছর সমাপনান্তে মূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করা হলে ৩টি লক্ষ্যমাত্রার অর্জনের গড় ৩য় ত্রৈমাসিক প্রতিবেদনের ক্ষেত্রে প্রাপ্ত নম্বর হিসাবে গণ্য করা হবে।

৪.৩ ২০১৯-২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১.২ ক্রমিকের "নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন" এবং ২.২ ক্রমিকের "অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন"-এর ক্ষেত্রে সভা আয়োজন করা না গেলে নম্বর প্রাপ্তির জন্য বিবেচনা করা হবে না।

৪.৪ যেসব কার্যক্রমের লক্ষ্যমাত্রা সকল ত্রৈমাসিকে নির্ধারণ করা হয়েছে সেসব ক্ষেত্রে ৩য় ত্রৈমাসিক পর্যন্ত কৃত কার্যক্রমের আনুপাতিক হার ৪র্থ ত্রৈমাসিকের অর্জন হিসাবে গণ্য করা হবে।

৪.৫ চতুর্থ ত্রৈমাসিকে নির্ধারিত কোন লক্ষ্যমাত্রা স্থির করা থাকলে তা নির্ধারিত সময়ে অর্জিত হয়নি কিন্তু ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে অর্জিত হয়ে থাকলে কোভিড-১৯ বিবেচনায় পূর্ণ নম্বর প্রদান করা হবে।

৪.৬ যেসব কার্যক্রমের লক্ষ্যমাত্রা শুধুমাত্র ৪র্থ ত্রৈমাসিকে নির্ধারিত, সেসব লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি অথচ এ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে, এরূপ ক্ষেত্রে গৃহীত কার্যক্রমের প্রমাণ দাখিল সাপেক্ষে সর্বোচ্চ ৫০% নম্বর প্রদান করা যাবে।

৪.৭ ৩ নম্বর ক্রমিকের "শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল প্রণয়ন/সংস্কার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারি" কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের জন্য নির্ধারিত কার্যক্রম সম্পন্ন হওয়ার দালিলিক প্রমাণ দাখিল সাপেক্ষে কৃত কার্যক্রমের আনুপাতিক হারে সর্বোচ্চ ৭৫% নম্বর প্রদান করা যাবে।

আলোচ্যসূচি ৫: <u>বিবিধ:</u>

২০২০-২১ অর্থ-বছরের দপ্তর//সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৬.১ নম্বর ক্রমিকের প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন/বিভাগে চলমান প্রকল্প উন্নয়ন কার্যক্রম পর্যালোচনা এবং ৮.১ নম্বর ক্রমিকে স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন"-এর পরিবর্তে "৮.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন/হালনাগাদকরণ ও বাস্তবায়ন" প্রতিস্থাপনের অনুরোধ জানানো হয়। এ প্রতিস্থাপনে সভা একমত পোষণ করে।

সিদ্ধান্ত

৫.১ ২০২০-২১ অর্থ-বছরের দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৬.১ ক্রমিকের "প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন/বিভাগে চলমান প্রকল্প উন্নয়ন কার্যক্রম পর্যালোচনা" হিসাবে প্রতিস্থাপিত হবে

৫.২ ২০২০-২১ অর্থ-বছরের দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৮.১ নম্বর ক্রমিকে স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন"-এর পরিবর্তে "৮.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন/হালনাগাদকরণ ও বাস্তবায়ন" প্রতিস্থাপন করা হবে।

সভাপতি মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রণীত ২০১৯-২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা চূড়ান্ত মূল্যায়নের নিমিত্ত আগামী ২৩-২৭, ৩১ আগস্ট, ১-৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে পর্যালোচনা সভা ও এ সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটের সদস্যগণকে উপস্থিত থেকে মূল্যায়ন কার্যক্রম পরিচালনার অনুরোধ জানান এবং সভায় উপস্থিত সকল সদস্যগণকে সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: কামাল হোসেন)
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট